



ইউসূফ

Yousuf

يُوسُف

পরম করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. আলিফ-লা-ম-রা;
এগুলো সুস্পষ্ট গ্রন্থের
আয়াত।

1. Alif. Lam. Ra.
These are the verses of
the clear Book.

الرَّكَفَ تِلْكَ آيَاتِ الْكِتَابِ
الْمُبِينِ ﴿١﴾

2. আমি একে আরবী
ভাষায় কোরআন রূপে
অবতীর্ণ করেছি, যাতে
তোমরা বুঝতে পার।

2. Indeed, We have
sent it down as an
Arabic Quran that you
might understand.

إِنَّا أَنْزَلْنَاهُ قُرْءَانًا عَرَبِيًّا لَعَلَّكُمْ
تَعْقِلُونَ ﴿٢﴾

3. আমি তোমার নিকট
উত্তম কাহিনী বর্ণনা
করেছি, যেমতে আমি এ
কোরআন তোমার নিকট
অবতীর্ণ করেছি। তুমি এর
আগে অবশ্যই এ ব্যাপারে
অনবহিতদের অন্তর্ভুক্ত
ছিলে।

3. We narrate to you
(O Muhammad) the
best of the narratives,
through what We have
revealed to you of this
Quran. And though
you were, before this,
among those who were
unaware (of it).

نَحْنُ نَقُصُّ عَلَيْكَ أَحْسَنَ
الْقَصَصِ بِمَا أَوْحَيْنَا إِلَيْكَ هَذَا
الْقُرْآنَ وَإِنْ كُنْتَ مِنْ قَبْلِهِ لَمِنَ
الْغَافِلِينَ ﴿٣﴾

4. যখন ইউসূফ পিতাকে
বলল: পিতা, আমি স্বপ্নে
দেখেছি এগারটি নক্ষত্রকে।
সূর্যকে এবং চন্দ্রকে। আমি
তাদেরকে আমার উদ্দেশে
সেজদা করতে দেখেছি।

4. When Joseph said
to his father: "O my
father, indeed I saw
(in a dream) eleven
stars and the sun and
the moon, I saw them
prostrating to me."

إِذْ قَالَ يُوسُفُ لِأَبِيهِ يَا أَبَتِ إِنَّي
رَأَيْتُ أَحَدَ عَشَرَ كَوْكَبًا
وَالشَّمْسَ وَالْقَمَرَ رَأَيْتُهُمْ لِي
سَاجِدِينَ ﴿٤﴾

5. তিনি বললেনঃ বৎস, তোমার ভাইদের সামনে এ স্বপ্ন বর্ণনা করো না। তাহলে তারা তোমার বিরুদ্ধে চক্রান্ত করবে। নিশ্চয় শয়তান মানুষের প্রকাশ্য।

5. He (father) said: “O my son, do not narrate your vision to your brothers, lest they plot against you a plot. Indeed Satan, to man, is an open enemy.”

قَالَ يَبْنَىٰ لَا تَقْصُصْ رُءْيَاكَ
عَلَىٰ إِخْوَتِكَ فَيَكِيدُوا لَكَ
كَيْدًا إِنَّ الشَّيْطَانَ لِلْإِنْسَانِ
عَدُوٌّ مُّبِينٌ ﴿٥﴾

6. এমনিভাবে তোমার পালনকর্তা তোমাকে মনোনীত করবেন এবং তোমাকে বাণীসমূহের নিগূঢ় তত্ত্ব শিক্ষা দেবেন এবং পূর্ণ করবেন স্বীয় অনুগ্রহ তোমার প্রতি ও ইয়াকুব পরিবার-পরিজনের প্রতি; যেমন ইতিপূর্বে তোমার পিতৃপুরুষ ইব্রাহীম ও ইসহাকের প্রতি পূর্ণ করেছেন। নিশ্চয় তোমার পালনকর্তা অত্যন্ত জ্ঞানী, প্রজ্ঞাময়।

6. “And thus will your Lord choose you, and He will teach you of the interpretation of events (dreams), and He will perfect His favor upon you and upon the family of Jacob, as He perfected it upon your father before, Abraham and Isaac. Indeed, your Lord is All Knowing, All Wise.”

وَكَذَلِكَ يَجْتَبِيكَ رَبُّكَ
وَيُعَلِّمُكَ مِنَ تَأْوِيلِ
الْأَحَادِيثِ وَيَتِمُّ نِعْمَتَهُ عَلَيْكَ
وَ عَلَىٰ آلِ يَعْقُوبَ كَمَا أَتَمَّهَا عَلَىٰ
أَبَوَيْكَ مِنْ قَبْلُ إِبْرَاهِيمَ
وَإِسْحَاقَ إِنَّ رَبَّكَ عَلِيمٌ
حَكِيمٌ ﴿٦﴾

7. অবশ্য ইউসুফ ও তাঁর ভাইদের কাহিনীতে জিজ্ঞাসুদের জন্যে নিদর্শনাবলী রয়েছে।

7. Certainly, in Joseph and his brothers are signs for those who inquire.

لَقَدْ كَانَ فِي يُوسُفَ وَإِخْوَتِهِ
آيَاتٍ لِّلْسَائِلِينَ ﴿٧﴾

8. যখন তারা বললঃ অবশ্যই ইউসুফ ও তাঁর ভাই আমাদের পিতার কাছে আমাদের চাইতে অধিক প্রিয় অথচ আমরা একটা সংহত শক্তি বিশেষ। নিশ্চয় আমাদের পিতা স্পষ্ট ভ্রান্তিতে রয়েছেন।

8. When they said: “Truly, Joseph and his brother are more beloved to our father than we, although we are a group of so many. Indeed, our father is in clear error.”

إِذْ قَالُوا لَيُوسُفُ وَأَخُوهُ أَحَبُّ
إِلَىٰ آبِنَا مِنَّا وَنَحْنُ عُصْبَةٌ إِنَّ
أَبَانَا لَفِي ضَلَالٍ مُّبِينٍ ﴿٨﴾

9. হত্যা কর ইউসুফকে কিংবা ফেলে আস তাকে অন্য কোন স্থানে। এতে শুধু তোমাদের প্রতিই তোমাদের পিতার মনোযোগ নিবিষ্ট হবে এবং এরপর তোমরা যোগ্য বিবেচিত হয়ে থাকবে।

9. “Kill Joseph or cast him out to some land, so that your father’s favor may be all for you, and you may become after that righteous people.”

أَقْتُلُوا يُوسُفَ أَوْ اطْرَحُوهُ
أَرْضًا يَخْلُ لَكُمْ وَجْهَ أَبِيكُمْ وَ
تَكُونُوا مِنْ بَعْدِهِ قَوْمًا
صَالِحِينَ ﴿١٠﴾

10. তাদের মধ্য থেকে একজন বলল, তোমরা ইউসুফ কে হত্যা করো না, বরং ফেলে দাও তাকে অন্ধকূপে যাতে কোন পথিক তাকে উঠিয়ে নিয়ে যায়, যদি তোমাদের কিছু করতেই হয়।

10. One speaker among them said: “Do not kill Joseph, but throw him down to the bottom of a well, some caravan may pick him up, if you must be doing (something).”

قَالَ قَائِلٌ مِّنْهُمْ لَا تَقْتُلُوا
يُوسُفَ وَالْقَوْهَ فِي غَيْبَتِ الْجُبِّ
يَلْتَقِطُهُ بَعْضُ السَّيَّارَةِ إِنْ
كُنْتُمْ فَعِلِينَ ﴿١١﴾

11. তারা বললঃ পিতাঃ ব্যাপার কি, আপনি ইউসুফের ব্যাপারে আমাদেরকে বিশ্বাস করেন না? আমরা তো তার হিতাকাংখী।

11. They said: “O our father, why do you not trust us with Joseph, and indeed, we are to him true well-wishers.”

قَالُوا يَا أَبَانَا مَا لَكَ لَا تَأْمَنَّا عَلَى
يُوسُفَ وَإِنَّا لَهُ لَنَاصِحُونَ ﴿١٢﴾

12. আগামীকাল তাকে আমাদের সাথে প্রেরণ করুন-তৃপ্তিসহ থাকবে এবং খেলাধুলা করবে এবং আমরা অবশ্যই তার রক্ষণাবেক্ষণ করব।

12. “Send him with us tomorrow that he may eat well and play. And indeed, we shall be to him guardians.”

أَرْسِلْهُ مَعَنَا غَدًا يَرْتَعْ وَيَلْعَبُ
وَإِنَّا لَهُ لَحَفِظُونَ ﴿١٣﴾

13. তিনি বললেনঃ আমার দুশ্চিন্তা হয় যে, তোমরা তাকে নিয়ে যাবে এবং আমি আশঙ্কা করি যে, ব্যাঘ্র

13. He (Jacob) said: “Indeed, it saddens me that you should take him away. And I fear

قَالَ إِنِّي لَيَحْزُنُنِي أَنْ تَذْهَبُوا بِهِ
وَإِنِّي أَخَافُ أَنْ يَأْكُلَهُ الذِّئْبُ

তাঁকে খেয়ে ফেলবে এবং তোমরা তার দিক থেকে গাফেল থাকবে।

lest a wolf should devour him while you are negligent of him.”

وَأَنْتُمْ عَنْهُ غٰفِلُونَ ﴿١٣﴾

14. তারা বললঃ আমরা একটি ভারী দল থাকা সত্ত্বেও যদি ব্যাঘ্র তাকে খেয়ে ফেলে, তবে আমরা সবই হারালাম।

14. They said: “If a wolf should devour him while we are a strong group, surely we would then be the losers.”

قَالُوا لَئِنْ أَكَلَهُ الذِّئْبُ وَنَحْنُ عُصْبَةٌ إِنَّا إِذًا الْخٰسِرُونَ ﴿١٤﴾

15. অতঃপর তারা যখন তাকে নিয়ে চলল এবং অন্ধকূপে নিষ্ফেপ করতে একমত হল এবং আমি তাকে ইঙ্গিত করলাম যে, তুমি তাদেরকে তাদের এ কাজের কথা বলবে এমতাবস্থায় যে, তারা তোমাকে চিনবে না।

15. Then, when they went away with him, and agreed that they will throw him to the bottom of the well. And We inspired to him: “Indeed, you shall inform them (some day) of this deed of theirs, while they do not perceive.”

فَلَمَّا ذَهَبُوا بِهِ وَاجْتَمَعُوا أَن يُجْعَلُوهُ فِي غَيَّبَتِ الْجُبِّ وَأَوْحَيْنَا إِلَيْهِ لَتُنَبِّئَنَّهُمْ بِأَمْرِهِمْ هٰذَا وَهُمْ لَا يَشْعُرُونَ ﴿١٥﴾

16. তারা রাতের বেলায় কাঁদতে কাঁদতে পিতার কাছে এল।

16. And they came to their father at night, weeping.

وَجَاءُوا أَبَاهُمْ عِشَاءً يَبْكُونَ ﴿١٦﴾

17. তারা বললঃ পিতাঃ আমরা দৌড় প্রতিযোগিতা করতে গিয়েছিলাম এবং ইউসুফকে আসবাব-পত্রের কাছে রেখে গিয়েছিলাম। অতঃপর তাকে বাঘে খেয়ে ফেলেছে। আপনি তো আমাদেরকে বিশ্বাস করবেন না, যদিও আমরা সত্যবাদী।

17. They said: “O our father, we went racing one with another and left Joseph with our belongings, and then a wolf devoured him. And you will not believe us even if we were truthful.”

قَالُوا يَا أَبَانَا إِنَّا ذَهَبْنَا نَسْتَبِقُ وَتَرَكْنَا يُوسُفَ عِنْدَ مَتَاعِنَا فَأَكَلَهُ الذِّئْبُ وَمَا أَنْتَ بِمُؤْمِنٍ لَّنَا وَلَوْ كُنَّا صٰدِقِينَ ﴿١٧﴾

18. এবং তারা তার জামায় কৃত্রিম রক্ত লাগিয়ে আনল। বললেনঃ এটা কখনই নয়; বরং তোমাদের মন তোমাদেরকে একটা কথা সাজিয়ে দিয়েছে। সুতরাং এখন ছবর করাই শ্রেয়। তোমরা যা বর্ণনা করছ, সে বিষয়ে একমাত্র আল্লাহই আমার সাহায্য স্থল।

19. এবং একটি কাফেলা এল। অতঃপর তাদের পানি সংগ্রাহককে প্রেরণ করল। সে বালতি ফেলল। বললঃ কি আনন্দের কথা। এ তো একটি কিশোর তারা তাকে পন্যদ্রব্য গণ্য করে গোপন করে ফেলল। আল্লাহ খুব জানেন যা কিছু তারা করেছিল।

20. ওরা তাকে কম মূল্যে বিক্রি করে দিল গনাগুণতি কয়েক দেহহাম এবং তাঁর ব্যাপারে নিরাসক্ত ছিল।

21. মিসরে যে ব্যক্তি তাকে ক্রয় করল, সে তার স্ত্রীকে বললঃ একে সম্মানে রাখ। সম্ভবতঃ সে আমাদের কাছে আসবে অথবা আমরা তাকে পুত্ররূপে গ্রহণ করে

18. And they brought upon his shirt false blood. He (Jacob) said: "But your ownelves have enticed you to something. So (for me is) patience in grace. And Allah it is whose help is to be sought against that which you assert."

19. And there came a caravan, and they sent their water drawer, then he let down his bucket (in the well). He said: "What a good news, here is a boy." And they hid him as a merchandise. And Allah was Aware of what they were doing.

20. And they sold him for a low price, a few dirhams counted out. And they were, concerning him, of those content with little.

21. And he (the man) from Egypt who purchased him, said to his wife: "Make his stay dignified. May be that he will benefit us

وَجَاءُوا عَلَى قَمِيصِهِ بِدَمٍ كَذِبٍ قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ أَنْفُسُكُمْ أَمْرًا فَصَبِرْ جَمِيلٌ وَاللَّهُ الْمُسْتَعَانُ عَلَى مَا تَصِفُونَ ﴿١٨﴾

وَجَاءَتْ سَيَّارَةٌ فَأَرْسَلُوا وَارِدَهُمْ فَأَدْلَى دَلْوَهُ قَالَ يَبُشْرَى هَذَا عُلْمٌ وَأَسْرُوهُ بِضَاعَةً وَاللَّهُ عَلِيمٌ بِمَا يَعْمَلُونَ ﴿١٩﴾

وَشَرَوْهُ بِثَمَنٍ بَخْسٍ دَرَاهِمَ مَعْدُودَةٍ وَكَانُوا فِيهِ مِنَ الزَّاهِدِينَ ﴿٢٠﴾

وَقَالَ الَّذِي اشْتَرَاهُ مِنْ مِصْرَ لِامْرَأَتِهِ أَكْرِمِي مَثْوَاهُ عَسَى أَنْ يَنْفَعَنَا أَوْ نَتَّخِذَهُ وَلَدًا وَكَذَلِكَ

নেব। এমনিভাবে আমি ইউসুফকে এদেশে প্রতিষ্ঠিত করলাম এবং এ জন্যে যে তাকে বাক্যাদির পূর্ণ মর্ম অনুধাবনের পদ্ধতি বিষয়ে শিক্ষা দেই। আল্লাহ নিজ কাজে প্রবল থাকেন, কিন্তু অধিকাংশ লোক তা জানে না।

or we may adopt him as a son.” And thus We established Joseph in the land, and that We might teach him of the interpretation of events. And Allah has full control over His affairs, but most of mankind do not know.

مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ وَلِنُعَلِّمَهُ مِنْ تَأْوِيلِ الْأَحَادِيثِ وَاللَّهُ غَالِبٌ عَلَى أَمْرِهِ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿١١﴾

22. যখন সে পূর্ণ যৌবনে পৌছে গেল, তখন তাকে প্রজ্ঞা ও ব্যুৎপত্তি দান করলাম। এমনিভাবে আমি সৎকর্মপরায়ণদেরকে প্রতিদান দেই।

22. And when he reached his full manhood, We gave him wisdom and knowledge. And thus do We reward those who do good.

وَمَا بَلَغَ أَشُدَّهُ آتَيْنَاهُ حُكْمًا وَعِلْمًا وَكَذَلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ﴿١٢﴾

23. আর সে যে মহিলার ঘরে ছিল, ঐ মহিলা তাকে ফুসলাতে লাগল এবং দরজাসমূহ বন্ধ করে দিল। সে মহিলা বললঃ শুন! তোমাকে বলছি, এদিকে আস, সে বললঃ আল্লাহ রক্ষা করুন; তোমার স্বামী আমার মালিক। তিনি আমাকে সম্বলে থাকতে দিয়েছেন। নিশ্চয় সীমা লংঘনকারীগণ সফল হয় না।

23. And she, in whose house he was, sought to seduce him from his self. And she bolted the doors and said: “Come on, O you.” He said: “(I seek) refuge in Allah. Indeed, he (your husband) is my master, he made my stay honorable. Indeed, the wrong doers will not succeed.”

وَرَأَوْتَهُ الَّتِي هُوَ فِي بَيْتِهَا عَنْ نَفْسِهِ وَغَلَّقَتِ الْأَبْوَابَ وَقَالَتْ هَيْتَ لَكَ قَالَ مَعَاذَ اللَّهِ إِنَّهُ رَبِّي أَحْسَنَ مَثْوَايَ إِنَّهُ لَا يُفْلِحُ الظَّالِمُونَ ﴿١٣﴾

24. নিশ্চয় মহিলা তার বিষয়ে চিন্তা করেছিল এবং সেও মহিলার বিষয়ে চিন্তা করত। যদি না সে স্বীয়

24. And certainly she desired him, and he would have desired her, if it had not been that

وَلَقَدْ هَمَّتْ بِهِ وَهَمَّ بِهَا لَوْلَا أَنْ رَأَى بُرْهَانَ رَبِّهِ كَذَلِكَ لِنَصْرِفَ

পালনকর্তার মহিমা
অবলোকন করত।
এমনিভাবে হয়েছে, যাতে
আমি তার কাছ থেকে মন্দ
বিষয় ও নিলজ্জ বিষয়
সরিষে দেই। নিশ্চয় সে
আমার মনোনীত বান্দাদের
একজন।

he saw the evidence
(sign) of his Lord. Thus
it was, that We might
turn away from him
evil and lewdness.
Indeed, he was of Our
sincere servants.

عَنْهُ السُّوءَ وَالْفَحْشَاءَ إِنَّهُ مِنْ
عِبَادِنَا الْمُخْلَصِينَ ﴿٢٤﴾

25. তারা উভয়ে ছুটে
দরজার দিকে গেল এবং
মহিলা ইউসুফের জামা
পিছন দিক থেকে ছিঁড়ে
ফেলল। উভয়ে মহিলার
স্বামীকে দরজার কাছে
পেল। মহিলা বললঃ যে
ব্যক্তি তোমার পরিজনের
সাথে কুকর্মের ইচ্ছা করে,
তাকে কারাগারে পাঠানো
অথবা অন্য কোন
যন্ত্রণাদায়ক শাস্তি দেয়া
ছাড়া তার আর কি শাস্তি
হতে পারে?

25. And they both
raced to the door, and
she tore his shirt from
behind, and they found
her lord (husband) at
the door. She said:
“What shall be the
recompense
(punishment) for him
who intended against
your wife an evil,
except that he be
imprisoned, or a
painful punishment.”

وَاسْتَبَقَا الْبَابَ وَقَدَّتْ قَمِيصَهُ
مِنْ دُبُرٍ وَأَلْفَيَا سِيدهَا لَدَا
الْبَابِ قَالَتْ مَا جَزَاءُ مَنْ أَرَادَ
بِأَهْلِكَ سُوءًا إِلَّا أَنْ يُسْجَنَ أَوْ
عَذَابٌ أَلِيمٌ ﴿٢٥﴾

26. ইউসুফ (আঃ) বললেন,
সেই আমাকে আত্মসংবরণ
না করতে ফুসলিয়েছে।
মহিলার পরিবারে জনৈক
সাক্ষী দিল যে, যদি তার
জামা সামনের দিক থেকে
ছিঁল থাকে, তবে মহিলা
সত্যবাদিনী এবং সে
মিথ্যাবাদি।

26. He (Joseph) said:
“It was she who sought
to seduce me from
myself.” And a witness
from her household
testified: “If his shirt is
torn from the front,
then she has told the
truth, and he is of the
liars.”

قَالَ هِيَ رَاوَدْتَنِي عَنْ نَفْسِي
وَشَهِدَ شَاهِدٌ مِّنْ أَهْلِهَا إِنْ كَانَ
قَمِيصُهُ قُدَّ مِنْ قُبُلٍ فَصَدَقَتْ
وَهُوَ مِنَ الْكَاذِبِينَ ﴿٢٦﴾

27. এবং যদি তার জামা
পেছনের দিক থেকে ছিঁল

27. “And if his
shirt is torn from

وَإِنْ كَانَ قَمِيصُهُ قُدَّ مِنْ دُبُرٍ

থাকে, তবে মহিলা মিথ্যাবাদিনী এবং সে সত্যবাদী।

behind, then she has lied, and he is of the truthful.”

فَكَذَّبَتْ وَهُوَ
الصَّادِقِينَ ﴿٧٧﴾

28. অতঃপর গৃহস্বামী যখন দেখল যে, তার জামা পেছন দিক থেকে ছিন্ন, তখন সে বলল, নিশ্চয় এটা তোমাদের ছলনা। নিঃসন্দেহে তোমাদের ছলনা খুবই মারাত্মক।

28. So when he (her husband) saw his shirt torn from behind, he said: “Surely, it is of your (women’s) tricks. Certainly, mighty are your tricks.”

فَلَمَّا رَأَى قَمِيصَهُ قُدَّ مِنْ دُبُرٍ
قَالَ إِنَّهُ مِنْ كَيْدِكُنَّ إِنَّ
كَيْدَكُنَّ عَظِيمٌ ﴿٧٨﴾

29. ইউসুফ এ প্রসঙ্গ ছাড়! আর হে নারী, এ পাপের জন্য ক্ষমা প্রার্থনা কর নিঃসন্দেহে তুমি-ই পাপাচারিনী।

29. “O Joseph, turn away from this. And you (O woman) ask forgiveness for your sin. Indeed, it is you who are of the faulty.”

يُوسُفُ أَعْرِضْ عَنْ هَذَا
وَاسْتَغْفِرِي لِذَنْبِكِ إِنَّكِ كُنْتِ
مِنَ الْخَاطِئِينَ ﴿٧٩﴾

30. নগরে মহিলারা বলাবলি করতে লাগল যে, আযীযের স্ত্রী স্বীয় গোলামকে কুমতলব চরিতার্থ করার জন্য ফুসলায়। সে তার প্রেমে উন্মত্ত হয়ে গেছে। আমরা তো তাকে প্রকাশ্য ভ্রান্তিতে দেখতে পাচ্ছি।

30. And women in the city said: “The ruler’s wife is seeking to seduce her slave-boy from his self. Indeed, he has impassioned her with love. Indeed, we see her in clear error.

وَقَالَ نِسْوَةٌ فِي الْمَدِينَةِ امْرَأَتُ
الْعَزِيزِ تُرَاوِدُ فَتَاهَا عَنْ نَفْسِهِ
قَدْ شَغَفَهَا حُبًّا إِنَّا لَنَرَاهَا فِي
ضَلَالٍ مُّبِينٍ ﴿٨٠﴾

31. যখন সে তাদের চক্রান্ত শুনল, তখন তাদেরকে ডেকে পাঠাল এবং তাদের জন্যে একটি ভোজ সভার আয়োজন করল। সে তাদের প্রত্যেককে একটি ছুরি দিয়ে বলল: ইউসুফ

31. So when she heard of their scheming, she sent for them and prepared for them a banquet (with cushioned couch) and gave to every one of them a knife and said

فَلَمَّا سَمِعَتْ بِمَكْرِهِنَّ أَرْسَلَتْ
إِلَيْهِنَّ وَأَعْتَدَتْ لَهُنَّ مَائِكًا
وَأَتَتْ كُلَّ وَاحِدَةٍ مِّنْهُنَّ سِكِّينًا
وَقَالَتْ أَخْرِجْ عَلَيْهِنَّ فَلَمَّا

এদের সামনে চলে এস। যখন তারা তাকে দেখল, হতভম্ব হয়ে গেল এবং আপন হাত কেটে ফেলল। তারা বললঃ কখনই নয় এ ব্যক্তি মানব নয়। এ তো কোন মহান ফেরেশতা।

(to Joseph): “Come out unto them.” Then, when they saw him, they exalted him, and cut their hands. And they said: “Perfection for Allah. This is not a human being. This is none other than a gracious angel.”

رَأَيْتَهُ أَكْبَرَنَّهُ وَقَطَّعْنَ أَيْدِيَهُنَّ
وَقُلْنَ حَاشَ لِلَّهِ مَا هَذَا بَشَرًا
إِنَّ هَذَا إِلَّا مَلَكٌ كَرِيمٌ ﴿٦٦﴾

32. মহিলা বললঃ এ ঐ ব্যক্তি, যার জন্যে তোমরা আমাকে ভৎসনা করছিলে। আমি ওরই মন জয় করতে চেয়েছিলাম। কিন্তু সে নিজেকে নিবৃত্ত রেখেছে। আর আমি যা আদেশ দেই, সে যদি তা না করে, তবে অবশ্যই সে কারাগারে প্রেরিত হবে এবং লাঞ্চিত হবে।

32. She said: “This is he about whom you blamed me. And certainly, I did seek to seduce him from his self, but he held himself back. And if he does not do what I order him to, he shall certainly be cast into prison, and will be among those who are disgraced.”

قَالَتْ فَذَلِكُنَّ الَّذِي لُمْتُنَنِي فِيهِ
وَ لَقَدْ رَاودتُّهُ عَنْ نَفْسِهِ
فَاسْتَعْصَمَ وَلَئِن لَّمْ يَفْعَلْ مَا
أَمْرُهُ لَيُسْجَنَنَّ وَلَيَكُونًا مِّنَ
الصَّغِيرِينَ ﴿٦٧﴾

33. ইউসুফ বললঃ হে পালনকর্তা তারা আমাকে যে কাজের দিকে আহ্বান করে, তার চাইতে আমি কারাগারই পছন্দ করি। যদি আপনি তাদের চক্রান্ত আমার উপর থেকে প্রতিহত না করেন, তবে আমি তাদের প্রতি আকৃষ্ট হয়ে পড়ব এবং অজ্ঞদের অন্তর্ভুক্ত হয়ে যাব।

33. He said: “O my Lord, prison is more to my liking than that to which they invite me. And if You do not avert from me their plot, I will feel inclined towards them, and become of the ignorant.”

قَالَ رَبِّ السِّجْنُ أَحَبُّ إِلَيَّ مِمَّا
يَدْعُونَنِي إِلَيْهِ وَإِلَّا تَصْرِفْ عَنِّي
كَيْدَهُنَّ أَصْبُ إِلَيْهِنَّ وَأَكُنُ
مِّنَ الْجَاهِلِينَ ﴿٦٨﴾

34. অতঃপর তার পালনকর্তা তার দোয়া কবুল করে নিলেন। অতঃপর তাদের চক্রান্ত প্রতিহত করলেন। নিশ্চয় তিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ।

34. So his Lord responded to him, and He averted from him their plot. Indeed, He is the All Hearer, the All Knower.

فَاسْتَجَابَ لَهُ رَبُّهُ فَصَرَفَ عَنْهُ
كَيْدَهُنَّ إِنَّهُ هُوَ السَّمِيعُ
الْعَلِيمُ ﴿١٢﴾

35. অতঃপর এসব নিদর্শন দেখার পর তারা তাকে কিছুদিন কারাগারে রাখা সমীচীন মনে করল।

35. Then it occurred to them after what they had seen the proofs (of his innocence) to imprison him for a time.

ثُمَّ بَدَأَ لَهُمْ مِنْ بَعْدِ مَا رَأَوُا
الآيَاتِ لِيَسْجُنَنَّهُ حَتَّىٰ حِينٍ ﴿١٣﴾

36. তাঁর সাথে কারাগারে দুজন যুবক প্রবেশ করল। তাদের একজন বলল: আমি স্বপ্নে দেখলাম যে, আমি মদ নিঙড়াচ্ছি। অপরজন বলল: আমি দেখলাম যে, নিজ মাথায় রুটি বহন করছি। তা থেকে পাখী ঠুকরিয়ে খাচ্ছে। আমাদের কে এর ব্যাখ্যা বলুন। আমরা আপনাকে সংকর্মশীল দেখতে পাচ্ছি।

36. And there entered with him two young men in the prison. One of them said: “Indeed, I see myself (in a dream) pressing wine.” And the other said: “Indeed, I see myself (in a dream) carrying upon my head bread whereof the birds were eating.” (They said): “Inform us of the interpretation of this. Indeed, we see you of those who do good.”

وَدَخَلَ مَعَهُ السِّجْنَ فَتَيْنِ قَالَ
أَحَدُهُمَا إِنِّي أَرَانِي أَعْصِرُ خَمْرًا
وَقَالَ الْآخَرُ إِنِّي أَرَانِي أَحْمِلُ
فَوْقَ رَأْسِي خُبْزًا تَأْكُلُ الطَّيْرُ
مِنْهُ نَبِّئْنَا بِتَأْوِيلِهِ إِنَّا نَرَاكَ مِنَ
الْمُحْسِنِينَ ﴿١٤﴾

37. তিনি বললেন: তোমাদেরকে প্রত্যহ যে খাদ্য দেয়া হয়, তা তোমাদের কাছে আসার আগেই আমি তার ব্যাখ্যা বলে দেব। এ জ্ঞান আমার

37. He said: “No food will come to you, that is provided, but I shall inform you of its interpretation before that it comes to you. That is from what my

قَالَ لَا يَأْتِيكُمَا طَعَامٌ تُرْزَقُنِيهِ
إِلَّا نَبَّأْتُكُمَا بِتَأْوِيلِهِ قَبْلَ أَنْ
يَأْتِيَكُمَا ذَلِكَ مِمَّا عَلَّمَنِي رَبِّي ﴿١٥﴾

পালনকর্তা আমাকে শিক্ষা দিয়েছেন। আমি ঐসব লোকের ধর্ম পরিত্যাগ করেছি যারা আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করে না এবং পরকালে অবিশ্বাসী।

Lord has taught me. Indeed, I have forsaken the religion of a people who do not believe in Allah, and they, in the Hereafter, they are disbelievers.”

إِنِّي تَرَكْتُ مِلَّةَ قَوْمٍ لَا يُؤْمِنُونَ
بِاللَّهِ وَهُمْ بِالْآخِرَةِ هُمْ
كٰفِرُونَ ﴿٧٧﴾

38. আমি আপন পিতৃপুরুষ ইব্রাহীম, ইসহাক ও ইয়াকুবের ধর্ম অনুসরণ করছি। আমাদের জন্য শোভা পায় না যে, কোন বস্তুকে আল্লাহর অংশীদার করি। এটা আমাদের প্রতি এবং অন্য সব লোকের প্রতি আল্লাহর অনুগ্রহ। কিন্তু অধিকাংশ লোক অনুগ্রহ স্বীকার করে না।

38. “And I have followed the religion of my fathers, Abraham, and Isaac, and Jacob. It was not for us that we attribute any thing as partners to Allah. This is from the favor of Allah upon us and upon mankind, but most of the people are not grateful.”

وَاتَّبَعْتُ مِلَّةَ آبَائِي إِبْرَاهِيمَ
وَإِسْحٰقَ وَيَعْقُوبَ مَا كَانَ لَنَا أَنْ
نُشْرِكَ بِاللَّهِ مِنْ شَيْءٍ ذٰلِكَ مِنْ
فَضْلِ اللَّهِ عَلَيْنَا وَعَلَى النَّاسِ
وَلٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا
يَشْكُرُونَ ﴿٧٨﴾

39. হে কারাগারের সঙ্গীরা! পৃথক পৃথক অনেক উপাস্য ভাল, না পরাক্রমশালী এক আল্লাহ?

39. “O my two companions of the prison, are many different lords better or Allah, the One, the Irresistible.”

يَصَاحِبِي السِّجْنِ ءَأَرْبَابٌ
مُّتَفَرِّقُونَ خَيْرٌ أَمِ اللّٰهُ الْوَاحِدُ
الْقَهَّارُ ﴿٧٩﴾

40. তোমরা আল্লাহকে ছেড়ে নিছক কতগুলো নামের এবাদত কর, সেগুলো তোমরা এবং তোমাদের বাপ-দাদারা সাব্যস্ত করে নিয়েছে। আল্লাহ এদের কোন প্রমাণ অবতীর্ণ করেননি। আল্লাহ ছাড়া কারও বিধান দেবার

40. “You do not worship besides Him except (only) names you have named them, you and your fathers. Allah has not sent down for them any authority. The judgment is none but for Allah. He has

مَا تَعْبُدُونَ مِنْ دُونِهِ إِلَّا أَسْمَاءٌ
سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مِمَّا
أَنْزَلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ إِنِ
الْحُكْمُ إِلَّا لِلَّهِ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا

ক্ষমতা নেই। তিনি আদেশ দিয়েছেন যে, তিনি ব্যতীত অন্য কারও এবাদত করো না। এটাই সরল পথ। কিন্তু অধিকাংশ লোক তা জানে না।

commanded that you worship none but Him. That is the right religion, but most of the people do not know.”

إِيَّاهُ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَكِنَّ
أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٤١﴾

41. হে কারাগারের সঙ্গীরা! তোমাদের একজন আপন প্রভুকে মদ্যপান করাবে এবং দ্বিতীয়জন, তাকে শুলে চড়ানো হবে। অতঃপর তার মস্তক থেকে পাখী আহাৰ করবে। তোমরা যে, বিষয়ে জানার আগ্রহী তার সিদ্ধান্ত হয়ে গেছে।

41. “O my two companions of the prison, as for one of you, he will pour out wine for his master to drink, and as for the other, he will be crucified so that the birds will eat from his head. The matter has been judged, that concerning which you both did inquire.”

يَصَاحِبِيَ السِّجْنِ أَمَّا أَحَدُكُمَا
فَيَسْقِي رَبَّهُ خَمْرًا وَأَمَّا الْآخَرُ
فَيُصَلَّبُ فَتَأْكُلُ الطَّيْرُ مِنْ
رَأْسِهِ قُضِيَ الْأَمْرُ الَّذِي فِيهِ
تَسْتَفْتِينَ ﴿٤٢﴾

42. যে ব্যক্তি সম্পর্কে ধারণা ছিল যে, সে মুক্তি পাবে, তাকে ইউসুফ বলে দিল: আপন প্রভুর কাছে আমার আলোচনা করবে। অতঃপর শয়তান তাকে প্রভুর কাছে আলোচনার কথা ভুলিয়ে দিল। ফলে তাঁকে কয়েক বছর কারাগারে থাকতে হল।

42. And he (Joseph) said to him he thought that he would be released of the two: “Mention me to your master.” But Satan caused him to forget to mention to his master, so he (Joseph) stayed in prison for some years.

وَقَالَ لِلَّذِي ظَنَّ أَنَّهُ نَاجٍ مِّنْهُمَا
اذْكُرْنِي عِنْدَ رَبِّكَ فَأَنَسَهُ
الشَّيْطَانُ ذِكْرَ رَبِّهِ فَلَبِثَ فِي
السِّجْنِ بِضْعَ سِنِينَ ﴿٤٣﴾

43. বাদশাহ বলল: আমি স্বপ্নে দেখলাম, সাতটি মোটাতাজা গাভী-এদেরকে সাতটি শীর্ণ গাভী খেয়ে যাচ্ছে এবং সাতটি সবুজ

43. And the king said: “Indeed, I saw (in a dream) seven fat cows, whom seven lean ones were eating,

وَقَالَ الْمَلِكُ إِنِّي أَرَى سَبْعَ
بَقَرَاتٍ سِمَانٍ يَأْكُلُهُنَّ سَبْعُ
عِجَافٍ وَسَبْعُ سُنبُلَاتٍ خُضْرٍ

শীষ ও অন্যগুলো শুষ্ক। হে পরিষদবর্গ! তোমরা আমাকে আমার স্বপ্নের ব্যাখ্যা বল, যদি তোমরা স্বপ্নের ব্যাখ্যায় পারদর্শী হয়ে থাক।

and seven green ears of corn, and (seven) other dry. O you chiefs, explain to me about my dream, if you can interpret dreams.”

وَأَخْرَجَ يَدَيْهَا الْمَلَأُ أَفْتُونِي فِي رُءْيَايَ إِنْ كُنْتُمْ لِلرُّءْيَا تَعْبُرُونَ ﴿٤٦﴾

44. তারা বলল: এটা কল্পনাপ্রসূত স্বপ্ন। এরূপ স্বপ্নের ব্যাখ্যা আমাদের জানা নেই।

44. They said: “Mixed up dreams. And we are not learned in the interpretation of dreams.”

قَالُوا أَضْغَاثُ أَحْلَامٍ وَمَا نَحْنُ بِتَأْوِيلِ الْأَحْلَامِ بِعَالِمِينَ ﴿٤٤﴾

45. দু'জন কারারুদ্ধের মধ্য থেকে যে ব্যক্তি মুক্তি পেয়েছিল এবং দীর্ঘকাল পর স্মরণ হলে, সে বলল, আমি তোমাদেরকে এর ব্যাখ্যা বলছি। তোমরা আমাকে প্রেরণ কর।

45. And he, of the two, who was released, and he remembered after a lapse of time, said: “I will tell you of its interpretation, so send me forth.”

وَقَالَ الَّذِي نَجَا مِنْهُمَا وَادَّكَرَ بَعْدَ أُمَّةٍ أَنَا أُنَبِّئُكُمْ بِتَأْوِيلِهِ فَأَرْسِلُونِ ﴿٤٥﴾

46. সে তথায় পৌঁছে বলল: হে ইউসুফ! হে সত্যবাদী! সাতটি মোটাতাজা গাভী-তাদেরকে খাচ্ছে সাতটি শীর্ণ গাভী এবং সাতটি সবুজ শীর্ষ ও অন্যগুলো শুষ্ক; আপনি আমাদেরকে এ স্বপ্ন সম্পর্কে পথনির্দেশ প্রদান করুন: যাতে আমি তাদের কাছে ফিরে গিয়ে তাদের অবগত করাতে পারি।

46. “Joseph, O the truthful one, explain to us (the dream) of seven fat cows, whom seven lean ones were eating, and the seven green ears of corn and (seven) other dry, that I may return to the people, so that they may know.”

يُوسُفُ أَيُّهَا الصِّدِّيقُ أَفْتِنَا فِي سَبْعِ بَقَرَاتٍ سِمَانٍ يَأْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَسَبْعِ سُنبُلَاتٍ خُضْرٍ وَأُخَرَ يَدِيسٍ لَعَلِّي أَرْجِعُ إِلَى النَّاسِ لَعَلَّهُمْ يَعْلَمُونَ ﴿٤٦﴾

47. বলল: তোমরা সাত বছর উত্তম রূপে চাষাবাদ করবে। অতঃপর যা কাটবে, তার মধ্যে যে সামান্য

47. He (Joseph) said: “You shall sow seven years as usual. But that (the harvest)

قَالَ تَزْرَعُونَ سَبْعَ سِنِينَ دَأَبًا فَمَا حَصَدْتُمْ فَذَرُوهُ فِي سُنْبُلِهِ

পরিমাণ তোমরা খাবে তা ছাড়া অবশিষ্ট শস্য শীষ সমেত রেখে দেবে।

48. এবং এরপরে আসবে দুর্ভিক্ষের সাত বছর; তোমরা এ দিনের জন্যে যা রেখেছিলে, তা খেয়ে যাবে, কিন্তু অল্প পরিমাণ ব্যতীত, যা তোমরা তুলে রাখবে।

49. এর পরেই আসবে একবছর-এতে মানুষের উপর বৃষ্টি বর্ষিত হবে এবং এতে তারা রস নিঙড়াবে।

50. বাদশাহ বলল: ফিরে যাও তোমাদের প্রভুর কাছে এবং জিজ্ঞেস কর তাকে ঐ মহিলার স্বরূপ কি, যারা স্বীয় হস্ত কর্তন করেছিল! আমার পালনকর্তা তো তাদের ছলনা সবই জানেন।

51. বাদশাহ মহিলাদেরকে বললেন: তোমাদের হাল-হাকিকত কি, যখন তোমরা ইউসুফকে আত্মসংবরণ থেকে ফুসলিয়েছিলে? তারা বলল: আল্লাহ মহান, আমরা তার সম্পর্কে মন্দ

which you reap, leave it in the ears, except a little of which you eat.”

48. “Then after that, will come seven hard (years), which will devour what you have planned ahead for them, except a little of that which you have stored.”

49. “Then, after that, will come a year in which the people will have abundant rain, and in which they will press (wine).”

50. And the king said: “Bring him to me.” So when the messenger came to him, he (Joseph) said: “Return to your lord and ask him what was the case of the women, those who cut their hands. Indeed, my Lord (Allah) is well Aware of their plot.”

51. He (the king) said (to the women): “What was your affair when you did seek to seduce Joseph from his self. They said: “Perfection for Allah. We have not known about him any

إِلَّا قَلِيلًا مِّمَّا تَأْكُلُونَ ﴿٤٧﴾

ثُمَّ يَأْتِي مِنْ بَعْدِ ذَلِكَ سَبْعٌ شِدَادٌ يَأْكُلْنَ مَا قَدَّمْتُمْ لَهُنَّ إِلَّا قَلِيلًا مِّمَّا تُحْصِنُونَ ﴿٤٨﴾

ثُمَّ يَأْتِي مِنْ بَعْدِ ذَلِكَ عَامٌ فِيهِ يُغَاثُ النَّاسُ وَيَعَصِرُونَ ﴿٤٩﴾

وَقَالَ الْمَلِكُ اانْتُونِي بِهِ فَلَمَّا جَاءَهُ الرَّسُولُ قَالَ ارْجِعْ إِلَىٰ رَبِّكَ فَسَأَلَهُ مَا بَالُ النِّسْوَةِ الَّتِي قَطَّعْنَ أَيْدِيَهُنَّ إِنَّ رَبِّي بِكَيْدِهِنَّ عَلِيمٌ ﴿٥٠﴾

قَالَ مَا خَطْبُكُنَّ إِذْ رَاودْتُنَّ يُوسُفَ عَنْ نَفْسِهِ قُلْنَ حَاشَ لِلَّهِ مَا عَلِمْنَا عَلَيْهِ مِنْ سُوءٍ قَالَتِ امْرَأَتُ الْعَزِيزِ االنُّ

কিছু জানি না। আশীয-পল্লি বললঃ এখন সত্য কথা প্রকাশ হয়ে গেছে। আমিই তাকে আত্মসংবরণ থেকে ফুসলিয়েছিলাম এবং সে সত্যবাদী।

52. ইউসুফ বললেনঃ এটা এজন্য, যাতে আশীয জেনে নেয় যে, আমি গোপনে তার সাথে বিশ্বাসঘাতকতা করিনি। আরও এই যে, আল্লাহ বিশ্বাসঘাতকদের প্রতারণাকে এগুতে দেন না।

53. আমি নিজেকে নির্দোষ বলি না। নিশ্চয় মানুষের মন মন্দ কর্মপ্রবণ কিন্তু সে নয়-আমার পালনকর্তা যার প্রতি অনুগ্রহ করেন। নিশ্চয় আমার পালনকর্তা ক্ষমাশীল, দয়ালু।

54. বাদশাহ বললঃ তাকে আমার কাছে নিয়ে এসো। আমি তাকে নিজের বিশ্বস্ত সহচর করে রাখব। অতঃপর যখন তার সাথে মতবিনিময় করল, তখন বললঃ নিশ্চয়ই আপনি আমার কাছে আজ থেকে বিশ্বস্ত হিসাবে মর্যাদার স্থান লাভ করেছেন।

55. ইউসুফ বললঃ আমাকে দেশের ধন-

evil.” The wife of the ruler said: “Now the truth is manifest, it was me who sought to seduce him, from his self, and indeed, he is surely of the truthful.”

52. (Joseph said: “I asked for) this, that he (my lord) may know that I did not betray him in secret. And that Allah does not guide the plot of the betrayers.”

53. “And I do not acquit myself. Indeed, human self is prone to evil, except him upon whom my Lord has mercy. Indeed, my Lord is Oft-Forgiving, Most Merciful.”

54. And the king said: “Bring him to me. I will choose him (to serve) to my person.” Then when he spoke to him, he said: “Indeed, this day, you are in our presence, established, trusted.”

55. He (Joseph) said: “Appoint me over the

حَصَّصَ الْحَقُّ أَنَا رَاوَدْتُهُ عَنْ نَفْسِهِ وَإِنَّهُ مِنَ الصَّادِقِينَ ﴿٥١﴾

ذَلِكَ لِيَعْلَمَ أَنِّي لَمْ أَخُنْهُ بِالْغَيْبِ وَأَنَّ اللَّهَ لَا يَهْدِي كَيْدَ الْخَائِبِينَ ﴿٥٢﴾

وَمَا أُبْرِئُ نَفْسِي إِنَّ النَّفْسَ لَأَمَّارَةٌ بِالسُّوءِ إِلَّا مَا رَحِمَ رَبِّي إِنَّ رَبِّي غَفُورٌ رَحِيمٌ ﴿٥٣﴾

وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ أَسْتَخْلِصُهُ لِنَفْسِي فَلَمَّا كَلَّمَهُ قَالَ إِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ ﴿٥٤﴾

قَالَ اجْعَلْنِي عَلَى خَزَائِنِ

ভাঙ্গারে নিযুক্ত করুন।
আমি বিশ্বস্ত রক্ষক ও
অধিক জ্ঞানবান।

treasures of the land. I
will indeed be guardian
(over them) with
knowledge.”

الْأَرْضِ إِلَيَّ حَفِظْتُ عَلَيْهِمُ ﴿٥٦﴾

56. এমনিভাবে আমি
ইউসুফকে সে দেশের বুক
প্রতিষ্ঠা দান করেছি। সে
তথায় যেখানে ইচ্ছা স্থান
করে নিতে পারত। আমি
স্বীয় রহমত যাকে ইচ্ছা
পৌছে দেই এবং আমি
পুণ্যবানদের প্রতিদান
বিনষ্ট করি না।

56. And thus did We
establish Joseph in the
land, to take possession
therein, as where he
wished. We bestow of
Our mercy on whom
We will. And We do
not cause to be lost, the
reward of those who do
good.

وَكَذَلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي
الْأَرْضِ يَتَّبِعُوا مِنْهَا حَيْثُ يَشَاءُ
نُصِيبُ بِرَحْمَتِنَا مَنْ نَشَاءُ وَلَا
نُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ ﴿٥٧﴾

57. এবং ঐ লোকদের জন্য
পরকালে প্রতিদান উত্তম
যারা ঈমান এনেছে ও
সতর্কতা অবলম্বন করে।

57. And the reward of
the Hereafter is better
for those who believed
and used to fear
(Allah).

وَلَا جُزْءَ الْآخِرَةِ خَيْرٌ لِلَّذِينَ
آمَنُوا وَكَانُوا يَتَّقُونَ ﴿٥٨﴾

58. ইউসুফের ভ্রাতারা
আগমন করল, অতঃপর
তার কাছে উপস্থিত হল।
সে তাদেরকে চিনল এবং
তারা তাকে চিনল না।

58. And Joseph's
brothers came, and
they entered before
him. So he recognized
them, and they did not
know him.

وَجَاءَ إِخْوَتُهُ يُوسُفَ فَدَخَلُوا
عَلَيْهِ فَعَرَفَهُمْ وَهُمْ لَهُ
مُنْكَرُونَ ﴿٥٩﴾

59. এবং সে যখন
তাদেরকে তাদের রসদ
প্রস্তুত করে দিল, তখন সে
বলল: তোমাদের বৈমাত্রের
ভাইকে আমার কাছে নিয়ে
এসো। তোমরা কি দেখ না
যে, আমি পুরা মাপ দেই
এবং মেহমানদেরকে উত্তম
সমাদার করি?

59. And when he had
furnished them with
their provisions, he
said: “Bring to me a
brother of yours from
your father. Do you
not see that I give full
measure, and I am
the best of the hosts.”

وَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَّازِهِمْ قَالَ
إِنَّهُنِّي بِأَخٍ لَكُمْ مِنْ أَبِيكُمْ أَلَا
تَرَوْنَ أَنِّي أُوفِي الْكَيْلَ وَأَنَا خَيْرُ
الْمُنْزِلِينَ ﴿٦٠﴾

60. অতঃপর যদি তাকে আমার কাছে না আন, তবে আমার কাছে তোমাদের কোন বরাদ্দ নেই এবং তোমরা আমার কাছে আসতে পারবে না।

61. তারা বলল: আমরা তার সম্পর্কে তার পিতাকে সম্মত করার চেষ্টা করব এবং আমাদেরকে একাজ করতেই হবে।

